


pub/৫৭

দৈনিক ইনকিলাব

তারিখ 1.3.NOV.1986

পৃষ্ঠা... 5... কলাম... 3...



098

শিক্ষা

মাদ্রাসায় বিজ্ঞান বিভাগ

ইসলামী প্রাণকেন্দ্র হিসাবে শ্যামগঞ্জ আলিয়া মাদ্রাসাটি অন্যতম। এই মাদ্রাসাটি গৌরীপুর উপজেলার ১নং মইলাকান্দা ইউনিয়নে শ্যামগঞ্জ রেলওয়ে স্টেশনের কাছেই অবস্থিত। এর পাশেই একটি উচ্চ বালিকা বিদ্যালয় এবং একটি ডাকঘর রয়েছে। এক কথায় বলতে গেলে এই মাদ্রাসাটি একটি মনোরম জায়গায় প্রতিষ্ঠিত। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা-এর আদেশক্রমে ১৯৮৫ সাল থেকে বাংলাদেশের বিভিন্ন জেলা-উপজেলার আলিয়া

মাদ্রাসাসমূহে বিজ্ঞান বিভাগ যথারীতি চালু হয়ে আসছে এবং অধিকাংশ ছাত্র-ছাত্রীই এই বিভাগে লেখাপড়া করে থাকে। কিন্তু দুঃখের বিষয় অত্র শ্যামগঞ্জ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসাটিতে আজ পর্যন্তও বিজ্ঞান বিভাগ চালু হচ্ছে না। ফলে ছাত্র-ছাত্রীদের সাধারণ বিভাগ নিয়েই শুধু লেখাপড়া করতে হচ্ছে। যার জন্য এ সকল ছাত্র-ছাত্রী অন্যান্য ইউনিভার্সিটি বা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারছে না। এখন আমরা বিজ্ঞান বিভাগের জন্য অপেক্ষমাণ। অতএব, শ্যামগঞ্জ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসায় অতিসত্বর বিজ্ঞান বিভাগ

চালু করে অত্র প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান পড়ার সমস্যা লাঘব করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমীপে বিনীত আবেদন জানাচ্ছি।

—মোঃ আবদুল ওয়াহাব
শ্যামগঞ্জ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা
শ্যামগঞ্জ, ময়মনসিংহ।

মাদ্রাসা ও সাধারণ শিক্ষার মান

আমরা দীর্ঘদিন ধরে শুনে আসছি যে, মাদ্রাসা শিক্ষা ও সাধারণ শিক্ষার মান সমান করা হয়েছে। যেমন—আলিম সমান এস, এস, সি, ফাজিল সমান এইচ. ইস, সি, কিন্তু বাস্তবক্ষেত্রে তা

কার্যকর হয়নি। মাদ্রাসায় পাস ছাত্ররা ঐ সমমানের মান পাচ্ছে না, যদি পায় তবে কেন কোন নিয়োগ বিজ্ঞপ্তি বা চাকুরীর বিজ্ঞপ্তিতে এস, এস, সি, বা এইচ, এস, সি, পাস যোগ্যতা চাওয়ার সাথে সাথে যথাক্রমে আলিম/ফাজিল পাস ছাত্রদের দরখাস্ত করার জন্য বলা হচ্ছে না? শিক্ষা মন্ত্রণালয়ের কাছে এই প্রশ্ন শুধু আমার নয়, সারা বাংলাদেশের আলিম, ফাজিল পাস হাজার হাজার হাজার বেকার ছাত্র-ছাত্রীদের।

শিক্ষামন্ত্রণালয়ের কাছে আবেদন, পরবর্তী সকল বিজ্ঞপ্তিগুলোতে এস, এস, সি, এইচ, এস, সি'র সাথে সাথে

আলিম/ফাজিল পাস ছাত্রদের কাছ থেকেও দরখাস্ত চাওয়া হবে। মাদ্রাসার সকল ছাত্র-ছাত্রীর পক্ষ থেকে আমাদের এই ন্যায্য দাবী পূরণের বিষয়টি ভেবে দেখার জন্য সরকারের নিকট অনুরোধ জানাচ্ছি।

—মোঃ আবদুল্লাহ সিদ্দিকী
সত্রাজিতপুর সিনিয়র মাদ্রাসা